ভ্লাদিমির মায়াকভস্কি

কোন জিনিসটা ভালো আর কোন জিনিসটা খারাপ

ছোট্ট ছেলের

মুখে ফোটে আলো,

বললে: 'শোনো বাবা,

কোন জিনিসটা

ভালো,

আর খারাপ

কোনটা বা?'

আমার কাছে

রাখা-ঢাকা নাই,

শোনরে ছেলেমেয়ে—

বাপের জবাব

সবখানিটাই

লিখে দিলাম

বইয়ে।

— ঝড় উঠেছে
বাজ ডাকছে জোর,
শিলা বৃষ্টি
পড়ছে টুপটাপ,
সবাই জানে —
এ সময়টা ভোর
খেলতে যাওয়া
খারাপ।

বৃষ্টি ঝরে
সূর্য্যি দিলো আলো,
ডাকলো
খুশির বন্যে—
খুবই ভালো,
এটা খুবই ভালো
ছেলে বুড়ো
সবাইকার জন্যে।

ছেলে যদি

ময়লা মেখে

বেড়ায় ভূত সেজে,

বলব

করো রক্ষে,

খুবই খারাপ,

খুবই খারাপ

এ যে

শিশু স্বাস্থ্যের পক্ষে।



বাচ্চা যদি
গা ধোয়
নিয়ে ঝারি,
সাবানে নেই ডর,
সে ছেলে তো
লক্ষ্মীছেলে ভারি,
সত্যিই সুন্দর।

ডার্নাপিটেটা
যদি দুবলা পেয়ে
পিটোয় ধাঁই ধাঁই,
চাই না তাকে
এমনকি এ
বইয়েও
দিতে ঠাঁই।

এই যে ছেলে বলে:
— খবরদার
ছোটোর গায়ে
কেউ দেবে না হাত!
এ ছেলেটা
এত চমৎকার,
দুহাত তুলে করি আশীর্বাদ!



যদি তুমি
একটু না ভেবেই
বইপত্তর
করো ছেঁড়াছিঁড়ি,
সবাই তখন বলবেই, বলবেই,
এ ছেলেটা বড়োই বিচ্ছিরি।






খোকা যদি
খাটতে থাকে রাজী,
আঙ্‌ুল দিয়ে
লাইন ধরে
পড়ে,
আমি তখন
বলব রেখে বাজি:
এ ছেলেটা
সুখ আনবে ঘরে।



দাঁড়কাককে
দেখেই বেহুঁশ,
পালায় কেঁদে বাপরে বাপ।
এ ছেলেটা
স্রেফ কাপুরুষ,
এটা
খুবই খারাপ।



বাচ্চা হলেও
হিংস্র পাখির কাছে
ভয় না পেয়ে
শাসায়।
সাবাস ছেলে
সাহস আছে,
এমনি ছেলেই
মানায়।

আর এইঁটের
ময়লা ঘেঁটেই
আনন্দ
জামায় কাদা নোংরা।
একে বলব
ভারি মন্দ
বেয়াক্কেলে
চ্যাঙড়া।

নিজে নিজেই ধোয়
এই যে ছেলে,
কাজে
কর্মে
ঠাসা।
এ ছেলেটা
হোক না এলেবেলে,
রীতিমতো খাসা।

এই কথাটা
তোমায়
রাখি কয়ে,
ভোলা সেটা
মানা:
শিশু বেড়ে
উঠবে
শুয়োর হয়ে,
শিশু যদি শুরুতেই হয়
আস্তো শুয়োর ছানা।

ছোট্ট ছেলের
মুখে ফুটল আলো,
ঠিক করলে সোনা:
'করব শুধু ভালো,
কেবল ভালো,
খারাপ —
কখনো না।'

অনুবাদ: ননী ভৌমিক
ছবি এ'কেছেন ভিক্তর কিরিল্লোভ

প্রগতি প্রকাশন
মস্কো

© मराठी अनुवाद,
प्रगती प्रकाशन, १९७९

সোভিয়েত ইউনিয়নে মুদ্রিত

В. Маяковский
ЧТО ТАКОЕ ХОРОШО И ЧТО ТАКОЕ ПЛОХО
На языке бенгали

М $\frac{70802-421}{014(01)-81}$ 706-81

4803010102